রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়**
**নীতি-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১২.০০.০০০০.০৭৭.৯৯.০১১.২১.১২৩—জাতীয় কৃষি কাউন্সিল এর কারিগরি কমিটি-৪ (কৃষি বিপণন) নিম্নরূপভাবে গঠন করা হলো:

**(ক) কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (আইসি), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | যুগ্মসচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৮. | খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৯. | বিএসটিআই এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ১১. | সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| ১২. | পরিচালক, (সরেজমিন/কোয়ারেইনটাইন /হর্টিকালচার) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৩. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ১৪. | পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ১৫. | প্রধান (হর্টিকালচার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| ১৬. | বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশনের প্রতিনিধি | সদস্য |
| ১৭. | যুগ্ম পরিচালক (বিপণন), হর্টেক্স ফাউন্ডেশন | সদস্য |
| ১৮. | প্রাইভেট সেক্টরের প্রতিনিধি | সদস্য |
| ১৯. | পরিচালক, (গবেষণা ও আইসিটি/ নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর | সদস্য-সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

১. লাভজনক কৃষিখাত নিশ্চিতকরণে কৃষি বাণিজ্যিকীকরণসহ উৎপাদিত কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তির সুযোগ তৈরি করতে বাজারের অবকাঠামোগত উন্নয়ন ও কৃষিপণ্য বিপণন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে টেকসই সরবরাহ চেইন (Supply Chain) তৈরির ক্ষেত্র চিহ্নিতকরণ;

২. কৃষি বিপণনের বিভিন্ন কারিগরি দিক পর্যালোচনা ও মূল্যায়নে পরামর্শ প্রদান;

৩. কৃষি বিপণন ব্যবস্থা আধুনিকায়নের জন্য জাতীয় কৃষি কাউন্সিল ও এর নির্বাহী কমিটি এবং জাতীয় কৃষি নীতি ওয়ার্কিং কমিটিকে পরামর্শ ও সুপারিশ প্রদান;

৪. জাতীয় কৃষি কাউন্সিল ও এর নির্বাহী কমিটি এবং জাতীয় কৃষি নীতি ওয়ার্কিং কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন;

৫. কারিগরি কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং

৬. কারিগরি কমিটি-৪ (কৃষি বিপণন) প্রতি ২ (দুই) মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইয়ামিন খান**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.